

৩০৪

বিষয়ঃ ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৮/১০/২০১৮ খ্রিস্টাব্দ
সময় : বিকাল ৪.০০ ঘটিকা
সভার স্থান : পরিচালক (প্রকল্প-২)-এর অফিস কক্ষ
সভার সভাপতি : জনাব গোকুল কৃষ্ণ ঘোষ, পরিচালক (প্রকল্প-২), এনজিও বিষয়ক ব্যুরো।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘খ’-তে সন্নিবেশিত আছে)

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সকলকে বিষয় ভিত্তিক আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। আলোচনায় উপস্থিত সকলে অংশগ্রহণ করেন। আলোচনা শেষে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম.	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	এনজিও বিষয়ক ব্যুরোর সাথে নিবন্ধিত এনজিওদের APPS তৈরীকরণ	ব্যুরোর সাথে নিবন্ধিত এনজিওদের নির্বাহী প্রধান/নির্বাহী পরিচালকসহ সংস্থার প্রয়োজনীয় তথ্য যাতে সকলে দেখতে পারে সে জন্য এনজিও বিষয়ক ব্যুরো ও এনজিও সম্পর্কিত একটি Apps তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্র-২)/ উপপরিচালক(সাঃ)/ প্রোগ্রামার
০২	২০১৭-২০১৮ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের ডাটাবেজ তৈরী করে ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশকরণ	এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক ২০১৭-২০১৮ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং যেগুলি বাস্তবায়ন করা হয়েছে সেগুলির একটি তালিকা তৈরী করে ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (সমন্বয় শাখা)
০৩।	প্রকল্প অনুমোদনের পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণের পত্রসমূহ এবং অনুমোদন ও অর্থছাড়ের পত্রসমূহ ই-মেইলের মাধ্যমে প্রেরণ।	এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিলকৃত প্রকল্পসমূহ অনুমোদনের পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণের পত্রসমূহ এবং অনুমোদন ও অর্থছাড়ের পত্রসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ এনজিওদের নিকট ই-মেইলের মাধ্যমে প্রেরণের নিমিত্ত ব্যুরোর প্রকল্প শাখায় চিঠি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	এসাইনমেন্ট অফিসার-১/২/৩/৪/৫ এবং সহকারী পরিচালক-২

সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত

০৪/১১/২০১৮

(গোকুল কৃষ্ণ ঘোষ)
পরিচালক (প্রকল্প-২) ও
ইনোভেশন অফিসার
ইনোভেশন বিষয়ক কমিটি
এনজিও বিষয়ক ব্যুরো।
email: dir2@ngoab.gov.bd

৩৪৩

নং-০৩.০৭.২৬৬৬.৬৫৭.৬৫.০১৩.১৮-১৬৪

তারিখঃ ০৪/১১/২০১৮ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (নিবন্ধন ও অডিট)/প্রকল্প-১/২, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০২। উপপরিচালক (সাঃ/পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৩। সহকারী পরিচালক-১/২, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৪। এসাইনমেন্ট অফিসার-১/২/৩/৪/৫, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৫। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৬। প্রশাসনিক কর্মকর্তা, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। সকল কর্মচারী, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৯। অফিস কপি/মাস্টার কপি।



(মুহাম্মদ আনোয়ার হোসেন)

উপপরিচালক(সাঃ)

ও

সদস্য-সচিব

ইনোভেশন বিষয়ক কমিটি

এনজিও বিষয়ক ব্যুরো।